

নোবিপ্রবিসাসের সভাপতি হলেন ফারহান, সম্পাদক ফাহিম

নোবিপ্রবি প্রতিনিধি

৩০ মে ২০২৩ ০৯:৩৯ পিএম | আপডেট: ৩০ মে

২০২৩ ০৯:৩৯ পিএম



ফাইল ছবি

advertisement..

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (নোবিপ্রবিসাস) নবগঠিত কার্যনির্বাহী পরিষদের নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়েছে। এতে সভাপতি পদে বিজয়ী হয়েছেন দৈনিক শেয়ারবিজ পত্রিকার বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আব্দুল কবীর ফারহান ও সাধারণ সম্পাদক হয়েছেন বাংলাদেশ পোস্টের এস আহমেদ ফাহিম।

আজ মঙ্গলবার নোবিপ্রবিসাসের সদস্যদের অংশগ্রহণে দুপুর ১২টায় নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, সহকারী কমিশনার পদে যথাক্রমে ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক শফিউল ইসলাম, ফলিত রসায়ন ও কেমিকোশল বিভাগের প্রভাষক মো. আবদুস সামাদ আজাদ।

advertisement

নির্বাচিত অন্য সদস্যরা হলেন, সহ-সভাপতি দৈনিক ইত্রেফাকের প্রতিনিধি সাবিহা তাসমীম, যুগ্ম-সম্পাদক পদে দৈনিক আমাদের সময়ের প্রতিনিধি আবদুল্লাহ আল নোমান, দপ্তর সম্পাদক পদে ডেইলি ক্যাম্পাসের প্রতিনিধি মো. ইমাম হোসেন, পাঠাগার ও প্রশিক্ষণ সম্পাদক হয়েছেন বাংলাভিশন ডিজিটালের প্রতিনিধি ফজলে এলাহী ফুয়াদ, কোষাধ্যক্ষ হয়েছেন দৈনিক মানবকর্পু পত্রিকার প্রতিনিধি মো. ফাহাদ হোসেন, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে দৈনিক খোলাকাগজে প্রতিনিধি রিয়াদুল ইসলাম।

এছাড়া কার্যকরী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন যথাক্রমে বিশ্ববিদ্যালয়ের দৈনিক নয়া শতাব্দীর প্রতিনিধি নাহিদুল ইসলাম, দৈনিক ভোরের ডাক পত্রিকার প্রতিনিধি মো. হোসাইন, ই- নিউজ ৭১'র প্রতিনিধি জামিলা ইসলাম একা।

উল্লেখ্য, আজ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়াম ভবনের দ্বিতীয় তলায় প্রক্টর অফিসে উৎসবমুখর পরিবেশে নোবিপ্রবি সাংবাদিক সমিতির নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। দুপুর ২টা ৪০ মিনিটে নির্বাচন কমিশনার অধ্যক্ষ ড. এস এম মাহবুবুর রহমান নির্বাচনের ফলাফল ঘোষণা করেন।